‘হৃত্বিকের শাস্তি পাওয়া উচিত’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : বলিউডে চলছে ‘মি টু ক্যাম্পেইন’। অনেক নায়িকাই এখন বড় বড় অভিনেতার বিরুদ্ধে বোমা ফাটাচ্ছেন। সম্প্রতি বলিউডের জনপ্রিয় পরিচালক বিকাশ বহেলের বিরুদ্ধে ‘মি টু ক্যাম্পেইনে’ মুখ খুলেছেন কঙ্গনা রানাউত। বলিউড অভিনেত্রী বলেন, ‘কুইন’এর শুটিংয়ের সময় বিকাশ বহেল নাকি মত্ত অবস্থায় বার বার তাকে জড়িয়ে ধরতেন। ‘কে তোমাকে আমার ভাল লাগে’ বলে জড়িয়ে ধরা হত বলে দাবি করেন কঙ্গনা।

কিন্তু বিকাশ বহেল অনেক চেষ্টা করেও কঙ্গনাকে কোনওভাবে হেনস্থা করতে পারেননি বলেও দাবি করেন বলিউড অভিনেত্রী। আর এবার সেই কঙ্গনা রানাউত ‘মি টু’ ঝড়ে টেনে আনলেন হৃত্বিক রোশনের নাম।

কঙ্গনা বলেন, বিকাশ বহেলের মত অনেক মানুষ ইন্ডাস্ট্রির আনাচে কানাচে ছড়িয়ে ছিটিয়ে রয়েছেন। তাদের খুঁজে বের করে আসল মুখ প্রকাশ্যে আনতে হবে। নারীদের জন্য সিনেমা জগতকে আরও নিরাপদ তৈরি করতে হবে। যাতে কোনও নারীর সঙ্গে কেউ অসভ্যতা করতে না পারেন, এবার সেদিকে নজর দিতে হবে বলেও জানান কঙ্গনা। তবে এখানেই থেমে থাকেননি বলিউড ‘কুইন’।

তিনি আরও বলেন, বলিউডে এমন অনেক মানুষ রয়েছেন, যারা বিয়ের প্রতিশ্রুতি দিয়ে কিংবা কাজ পাইয়ে দেওয়ার নাম করে অভিনেত্রীদের সঙ্গে সম্পর্ক তৈরি করেন। তাদের ব্যবহার করেন। এবার সেই সমস্ত মানুষদেরও টেনে বের করতে হবে বলে খোঁচা দেন কঙ্গনা। আর এরপরই হৃত্বিক রোশনের নাম নেন ‘মনিকর্ণিকা’-র রানি লক্ষ্মীবাই।

কঙ্গনা আরও বলেন, হৃত্বিক আমার সঙ্গে যা করেছেন, তার জন্য অভিনেতার শাস্তি পাওয়া উচিত। বিয়ে করে বাড়িতে স্ত্রী-কে সাজিয়ে রেখে কম বয়সী অভিনেত্রীদের সঙ্গে বেশ কিছু অভিনেতা যা করেন, তা অত্যন্ত অন্যায়। তাই এবার সময় এসেছে, সেই সব মানুষকেও শাস্তি দেওয়ার। অর্থাত হৃত্বিকের নাম করেই ফের আরও একবার রাকেশ রোশন-পুত্রকে কাঠগড়ায় দাঁড় করিয়ে দেন বলিউড এ ‘কুইন’।

নিউজবিডি৭১/আ/অক্টোবর ১১, ২০১৮